

২০২৫

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠ্যক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-G-SEC-T-1

(প্রুফ সংশোধন, সাহিত্য পাঠদান ও প্রয়োগবৈচিত্র্য)

[CBCS]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- ক) দুটি শব্দের মধ্যে দূরত্ব কমানোর জন্য কী চিহ্ন ব্যবহার করা হয় উদাহরণসহ লেখো।
- খ) তৎসম শব্দের ক্ষেত্রে বানান বিষয়ে যে যে সিদ্ধান্তগুলি নেওয়া হয়েছে তা সংক্ষেপে লেখো।
- গ) নাটকে কথক চরিত্র কাকে বলে?
- ঘ) প্রুফ সংশোধনের ক্ষেত্রে 'See copy' কখন ব্যবহৃত হয়?
- ঙ) সাহিত্য-বিষয়ক আলোচনাচক্রে শ্রোতার ভূমিকা কী?

(পরের পাতায়)

- চ) গল্প-বিধান বলতে কী বোঝায়?
- ছ) বাংলা ভাষায় যেকোনো দুই ধরনের বানান বিধির নাম করো।
- জ) প্রফ সংশোধনের ক্ষেত্রে 'জুড়ে দিতে' এবং 'বাদ দিতে' কোন চিহ্ন ব্যবহৃত হয়?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) ছোটগল্পের নাট্যরূপ প্রস্তুতির ক্ষেত্রে কোন্ কোন্ দিক সম্পর্কে নাট্যকারের সতর্কতা আবশ্যিক বলে মনে করো?
- খ) শ্রেণিকক্ষে সাহিত্য পাঠদানের কলাকৌশলগুলি সংক্ষেপে লেখো।
- গ) শ্রেণিকক্ষে সাহিত্য পাঠদানে টেক্সট বুক রিডিং-এর গুরুত্ব কতদূর?
- ঘ) একটি আলোচনাচক্রের পরিকল্পনা কীভাবে করা হয় আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) প্রফ সংশোধন করো —

কম্পোজ ম্যাটার —

শব থপ হার বার পর
বুজি মেলে খোঁজ আননার
একদিন যেনা হারিয়ে
চনা মুখ শহড় ছাড়িয়ে
ও জানা প্রান্তরেই
ইকটা সিমূল আর আকাশ জেকানে
মুখোমুখি চায় পরস্প রে

মূল কপি —

সব পথ হারাবার পর
বুজি খোঁজ মেলে আপনার।
একদিন যেওনা হারিয়ে
চেনা মুখ শহর ছাড়িয়ে
অজানা প্রান্তরে,
একটা সিমূল আর আকাশ যেখানে
মুখোমুখি চায় পরস্পরে।

- খ) তোমার পঠিত একটি নাটকের গঠনমূলক সমালোচনা লেখো।
- গ) একজন প্রফ-রিডারের দায়িত্ব সম্পর্কে যা জানো লেখো।
- ঘ) শ্রেণিকক্ষে প্রত্যক্ষ পাঠদানের সঙ্গে অনলাইন পদ্ধতিতে পাঠদানের পারস্পরিক সুবিধা-অসুবিধার দিকগুলি আলোচনা করো।